# মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

## সেবা-পদ্ধতি সহজিকরণ ২০১৯-২০২০

# ২০১৯-২০ সালে সহজিকরণকৃত সেবাসমূহ

**মোট ০২ টি সেবা সহজিকরণ করা হয়েছেঃ**

১। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়ের কর্মকর্তাদের গাড়ি বরাদ্দের আবেদন সহজীকরণ

২। মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় ‘স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন রেজিস্ট্রেশন আবেদন প্রক্রিয়া সহজীকরণ’

# ১। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়ের কর্মকর্তাদের গাড়ি বরাদ্দের আবেদন


# সেবাটি সহজিকরণের যৌক্তিকতা

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের গাড়ির প্রাধিকারভুক্ত সকল কর্মকর্তা/কর্মচারী এই অনলাইন ফর্ম ব্যবহার করে সহজেই যে কোন স্থান হতে জরুরী দাপ্তরিক প্রয়োজনে গাড়ি বরাদ্দ করতে পারবে। একই সাথে প্রশাসন-২/সেবা শাখার নিকট গাড়ি কবে কোথায় বরাদ্দ আছে তার একটি পরিষ্কার চিত্র থাকবে যার ফলে দাপ্তরিক সেবা প্রদন আরো ত্বরান্বিত ও সহজ হবে।


# সেবার সংক্ষিপ্ত বিবরণ

- গুগল এর ফ্রী অনলাইন ফর্ম টুলস এর মাধ্যমে একটি ফর্ম ডিজাইন করা হবে যা ওয়েবসাইটে লিঙ্ক আকারে দেয়া হবে।
- উক্ত ফর্মটি ব্যবহার করে দাপ্তরিক কর্মকর্তা গণ অনলাইনে গাড়ির বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন।
- এই সকল বরাদ্দের ডাটা একটি অনলাইন স্প্রেডশীটে সংরক্ষণ হবে যা সেবা শাখাকে সঠিকভাবে সেবাটি প্রদানে সাহায্য করবে।


# পূর্বের পদ্ধতির প্রসেস ম্যাপ



# বর্তমান (সহজীকরণের পর) প্রসেস ম্যাপ



# অনলাইন আবেদন ফর্ম


মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়ের কর্মকর্তাদের গাড়ি বরাদ্দের ফর্ম

* Required

কর্মকর্তার নাম *

Your answer

কর্মকর্তার পদবী *

Your answer

মোবাইল নম্বর *


Your answer

কি রকম গাড়ি প্রয়োজন

লিঙ্কঃ

https://docs.google.com/forms/d/e/1FAIpQLSeMEUAdl1yV4dd-LhBibLxIUbEwUPcnC7Qn2BxDhlzNGX7YzQ/viewform

# সেবা সহজীকরণ সংক্রান্ত অফিস আদেশ



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩২.০০.০০০০.০১৯.১৬.০১৪.১৯-৭৭৫ তারিখঃ ১৩/১০/২০১৯খ্রিঃ

বিষয়ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের "Vehicle Requisition System" সেবা সহজিকরণের আওতায় পাইলটিং বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহের ১নং উদ্দেশ্যের ১.৫.১ নং কর্মসম্পাদন সূচকে ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারির নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে মন্ত্রণালয়ে প্রশাসনিক কাজে ব্যবহৃত মাইক্রোবাস দাপ্তরিক প্রয়োজনে বরাদ্দ প্রদানের সহজিকরণ প্রসেস ম্যাপ তৈরী করা হয়েছে।

২। সেবা সহজিকরণ প্রসেস ম্যাপ অনুসারে দাপ্তরিক প্রয়োজনে মাইক্রোবাস বরাদ্দকরণের অনলাইন ফরমটি পাইলটিং আকারে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেয়া হয়েছে এবং উক্ত বিষয় কোন মতামত থাকলে তা প্রশাসন-২ শাখায় (ওয়েব ই-মেইল admin-2@mowca.gov.bd) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(মোঃ মাসুদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ৯৫৪০১৯৩

সেবা সহজীকরণ সংক্রান্ত আদেশ

https://mowca.gov.bd/sites/default/files/files/mowca.portal.gov.bd/innovation_corner/6d6665b8_d455_4219_af2d_6333ac0568f0/IMG_20200225_0001.pdf

# সংশ্লিষ্ট লিংক

- সেবা সহজীকরণ সংক্রান্ত চুড়ান্ত আদেশ
  https://mowca.gov.bd/sites/default/files/files/mowca.portal.gov.bd/innovation_corner/6d6665b8_d455_4219_af2d_6333ac0568f0/IMG_20200225_0001.pdf

# TCV (Time, Cost & Visit) অনুসারে তুলনা

| | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ২-৩ ঘন্টা | ৩-৫ মিনিট |
| খরচ (নাগরিক ও অফিসের) | - | - |
| যাতায়াত | ১ বার | - |
| ধাপ | ৪ | ১ |
| জনবল | - | - |
| দাখিলীয় কাগজপত্র | ১ | - |

## ২। মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন রেজিস্ট্রেশন আবেদন প্রক্রিয়া

# সেবাটি সহজিকরণের যৌক্তিকতা


- পূর্বের প্রসেস ম্যাপ অনুযায়ী ১৪ টি ধাপে ৬০ দিনে স্বেচ্ছাসেবী মহিলা সমিতির নিবন্ধন করা হতো এবং এতে খরচ হতো প্রায় ১,৫০০/- টাকা।

- সেবাটি সহজিকরণ করায় বর্তমান প্রসেস ম্যাপ অনুযায়ী ৮ টি ধাপে ২৫ দিনে স্বেচ্ছাসেবী মহিলা সমিতির নিবন্ধন করা সম্ভব হবে। এতে খরচ হবে মাত্র ৩০০/- টাকা। অফিসে যাতায়াত লাগবে মাত্র ২ দিন।


# সেবার সংক্ষিপ্ত বিবরণ

- বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় অধেক মহিলা। মহিলাদের উন্নয়নের পূর্ব শর্ত। তৃণমূল পর্যায়ের মহিলাদের সার্বিক উন্নয়ন ও দারিদ্র নিরসন কল্পে তাহাদের আর্থ-সামাজিকভাবে স্বাবলম্বী করে গড়ে তুলতে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক মহিলাদের দ্বারা গঠিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন প্রদান করা হয়ে থাকে।
- স্বেচ্ছাসেবী মহিলা কল্যাণ প্রতিষ্ঠান মূলতঃ সমাজ উন্নয়ন ও কল্যাণমূলক প্রতিষ্ঠান।
- স্বেচ্ছাসেবী মহিলা সমিতি সমূহকে মহিলা বিষয়ক অধিদপ্তরের জেলা কার্যালয় হতে নিবন্ধন করা হয়ে থাকে।
- নিবন্ধন প্রক্রিয়াকে আরো সহজ ও গতিশীল করার লক্ষ্যে সেবা সহজিকরণ করা হয়েছে।

# পূর্বের পদ্ধতির প্রসেস ম্যাপ



# বর্তমান (সহজীকরণের পর) প্রসেস ম্যাপ



# TCV (Time, Cost & Visit) অনুসারে তুলনা

| | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ৬০দিন | ২৫ দিন |
| খরচ (নাগরিক ও অফিসের) | ১,৫০০ | ৩০০ |
| যাতায়াত | ১০ | ২ |
| ধাপ | ১৪ | ৮ |
| জনবল | ৬ | ২ |
| দাখিলীয় কাগজপত্র | ৪ টি ফরম, রেজুলেশনের কপি ও অন্যান্য প্রয়োজনীয় কাগজ পত্র | - |

# বর্তমান অবস্থা

- মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন/সমিতি রেজিষ্ট্রেশনের জন্য আবেদন প্রক্রিয়াটি ডিজিটাল সেবায় রুপান্তরের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা সম্বলিত একটি Terms of Reference (TOR) প্রস্তুত করে চুড়ান্ত অনুমোদন নেয়া হয়েছে।
- “ডিজিটাল সার্ভিস ডিজাইন ল্যাব” শীর্ষক কমর্শালায় এই সেবাটি ডিজিটাল সেবায় রূপান্তরের জন্য গৃহিত হয়েছে ।
- বর্তমান করোনা ভাইরাসের কারডিনে সৃষ্ট জরুরী পরিস্থিতিতে  সাধারন ছুটি চলমান থাকায় এই সেবাটি ডিজিটাল সেবায় রূপান্তর করা হয় নাই তবে পরিস্থিতি স্বাভাবিক হলে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

# ধন্যবাদ